অরুণ চন্দ্র মজুমদার , উপজেলা সমবায় অফিসার সেনবাগ, নোয়াখালী কর্তৃক সেনবাগ উপজেলাধীন কাজীরখীল সঞ্চয় ওঋনদান সমবায় সমিতি লিঃ এর পরিদর্শন প্রতিবেদন।

০১। সমিতির নাম : কাজীরখীল সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ ।

০২। সমিতির ঠিকানা : মোকামঃ মজুমদার হাট ,পোঃকাজীরখীল উপজেলা- সেনবাগ, জেলা- নোয়াখালী।

০৩। সমিতির রেজি নং ও তারিখ : নং- ০৩/১২( নোয়া) তারিখ ঃ ১৩-৩-২০১২ খ্রিঃ।

০৪। সমিতির সভ্য নির্বাচনী এলাকা : সমগ্র সেনবাগ উপজেলার মধ্যে সীমাবদ্ধ।

০৫। সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটির কর্মকর্তাদের নাম ,পদবী ও নির্বচনের তারিখ :

| ক্রঃনং | ব্যবস্থাপনা কমিটির নাম | পদবী | নির্বাচনের তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব হাসির উদ্দিন মাহমুদ | সভাপতি | ১০-০১-২০২২ খ্রি. |
| ২ | জনাব সন্তোষ কুমার ভৌমিক | সহ- সভাপতি | ১০-০১-২০২২ খ্রি. |
| ৩ | জনাব ডাঃ তপন চন্দ্র ভৌমিক | সম্পাদক | ১০-০১-২০২২ খ্রি. |
| ৪ | জনাব সেলিম উদ্দিন কাজল | সদস্য | ১০-০১-২০২২ খ্রি. |
| ৫ | জনাব নাছির উদ্দিন | সদস্য | ১০-০১-২০২২ খ্রি. |
| ৬ | জনাব মোঃ ইসমাইল হোসেন | সদস্য | ১০-০১-২০২২ খ্রি. |

০৬ । সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের তারিখ : ১০-০১-২০২২ খ্রি.

০৭। নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির প্রথম সভার তারিখ : ১৫-০১-২০২২ খ্রি.

০৮। সমিতির বার্ষিক সাধারণ সভার তারিখ : ৩০-১১-২০২৩ খ্রি.

০৯। অনুমোধিত শেয়ার মুলধন : ২০,০০,০০০/-টাকা।

১০। সমিতির সদস্য সংখ্যাঃ : ১৮৭ জন।

১১। সমিতির পরিদর্শন কর্মকতার নাম ও পদবী : অরুণ চন্দ্র মজুমদার
উপজেলা সমবায় অফিসার
সেনবাগ, নোয়াখালী

১২। সমিতি পরিদর্শনের তারিখ : ১৬/০১/২০২৫ খ্রি.

১৩। সমিতির শেয়ার মূলধন : ৩২৭৯৭০/-টাকা।

১৪। সঞ্চয় আমানতের পরিমাণ : ২৬২৫৮২০/- টাকা

১৫। সদস্য হতে ঋণ পাওনা : ২৬০৩৬৫০/- টাকা।

## পরিদর্শন প্রতিবেদন

অদ্য ১৬/০১/২০২৫খ্রিঃ তারিখে কাজীরখীল সঞ্চয় ওঋনদান সমবায় সমিতি লিঃ পরিদর্শন করি।

**১। সমিতির উপ-আইন-**

সমিতির নিবন্ধিত উপ-আইন, বর্তমান সমবায় সমিতি আইন২০০১, সংশোধন ২০০২ ও সংশোধন ২০১৩ এর সাথে সংগতি পুর্ণ নয়। তাই বর্তমান আইনের সাথে সংগতি রেখে সমিতির নিবন্ধিত উপ-আইন সংশোধন করে নেয়ার জন্য ব্যাবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল।

২.**সমিতির সদস্‌্য সংখ্যা ঃ**

পরির্দশন তারিখ পর্যন্ত সমিতির সদস্য সংখ্যা ১৮৭ জন। সভ্য রেজিষ্টারে কিছু সংখ্যাক সভ্যের মনোনীত ব্যাক্তির নাম লিপিবদ্ধ এবং সদস্য তালিকা বহিতে সদ্যদের স্বাক্ষর গ্রহণ করা হয়নি। অতিস্বত্তর সদস্য বহিতে স্বাক্ষর গ্রহণ করে অত্র কার্যালয়কে অবহিত করা জন্য পরার্মশ দেয়া গেল।

৩.**ব্যবস্থাপনা কমিটিঃ**

সমিতির ০৬(ছয়) সদস্য বিশিষ্ট ব্যাবস্থাপনা কমিটি দ্বারা পরিচালিত হচ্ছে । বিগত তারিখে সমিতির ১০-০১-২০২২ খ্রি.ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে এবং নির্বাচিত কমিটির প্রথম সভা ১৫-০১-২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত কমিটির মেয়াদ আগামী ১৪-০১-২০২৫ খ্রিঃ তারিখে ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উর্ত্তীণ হয়। উক্ত সমিতির ব্যবস্থাপনা কমিটি শূন্যতা বিরাজ করছে। অতি সত্ত্ব একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির প্রস্তাব উপজেলা সমবায় অফিসার, সেনবাগ, নোয়াখালী বরাবর দেখিল করার জন্য জন্য পরামর্শ দেয়া হল।

৪.**বার্ষিক সাধারণ সভাঃ**

সমিতির সর্বশেষ বার্ষিক সাধারণ সভা বিগত ৩০-১১-২০২৪ খ্রি.তারিখে অনুষ্ঠিত হয়েছে । বর্তমান সংশোধিত সমবায় সমিতি আইন/১৩ এর ১৭(৩) ধারা অনুযায়ী সমিতির নিরীক্ষা কাজ শেষ হওয়ার ৬০(ষাট) দিনের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে বার্ষিক সাধারণ সভা আহবান করতে হবে এবং উক্ত সভায় বাজেট, আয়-ব্যয়ের হিসাব অনুমোদন, প্রকল্প গ্রহণ, কর্জ গ্রহণ ও দাদনের সর্বোচ্চ সীমা নির্ধারণ, মুনাফা বিতরণ ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধন্ত নেয়ার জন্য এবং বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে দাখিল করা জন্য ব্যাবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল।

৫। **ব্যবস্থাপনা কমিটির সভাঃ**

নির্বাচন পরবর্তী সময়ে ০৮ মাসে ব্যবস্থাপনা কমিটির ০৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। সমবায় সমিতি বিধিমালালা/০৪ এর ৪২(২) বিধি মোতাবেক প্রতি মাসে কমপক্ষে ১টি সভা অনুষ্ঠান এবং সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য পরামর্শ দেয়া গেল।

৬.**শেয়ার মুলধনঃ**

পরিদর্শনকালীন সময় পর্যন্ত আদায়কৃত শেয়ার মূলধন ৩২৭৯৭০/- টা টাকা অলোচ্য সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমান ২০,০০,০০০/-(বিশ লক্ষ) টাকা । প্রতি শেয়ারের মূল্য ১০০/- টাকা হারে উহা ২০০ অংশে বিভক্ত। পরিদর্শনকালীন তারিখ পর্যন্ত কোন শেয়ার বিক্রয় হয়নি । আরো অধিক পরিমাণ শেয়ার বিক্রয় করার এবং সদস্য গণকে শেয়ার সার্টিফিকেট প্রদান করার জন্য পরামর্শ দেয়া হল।

৭. **সঞ্চয় আমানতঃ**

পরিদর্শনকালীন সময় পর্যন্ত আদায়কৃত সঞ্চয় আমানত ২৬২৫৮২০/- টাকা । সদস্যগণকে আমানতের পাশ বই বিতরণ করার জন্য পরামর্শ দেয়া হল। সদস্যগণ হতে নিয়মিত সঞ্চয় আমানত আদায়পূর্বক সমিতির মূলধন বৃদ্ধি করতে এবং উক্ত টাকা যথাযথভাবে বিনিয়োগ করতে ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হল। তা'ছাড়া সমবায় সমিতি বিধিমালা'২০০৪ এর ৬৭ বিধি মোতাবেক সমিতি উহার সংগৃহিত আমানতের উপর নিম্নবর্ণিত হারে লিকুইডকভার সংরক্ষণ করতে হবে যা অতি সহজে নগদ অর্থে রূপান্তর করা যায়।

ক) পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে ফেরৎ প্রদান যোগ্য স্থায়ী আমানতের ২০ (বিশ) শতাংশ।

খ) সঞ্চয়ী আমানতের ২৫ (পঁচিশ) শতাংশ।

গ) চলতি হিসাবের ৫০ (পঞ্চাশ) শতাংশ।

৮। **ঋণ কার্যক্রমঃ**

পরিদর্শন তারিখ পর্যন্ত সমিতি সদস্যদের নিকট ২৬০৩৬৫০/-টাকা পাওনা রয়েছে দেখা যায়। সমবায় সমিতি আইন/০১ (সংশোধন আইন/১৩) এর ২৬(২) ধারা ও সমবায় সমিতি বিধিমালা/০৪এর ৭৪ বিধির আলোকে ঋণ লেনদেন পরিচালনা করার জন্য ব্যাবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল। সমবায় সমিতি আইন/০১ (সংশোধন আইন/১৩) এর ২৬(২) ধারার আলোকে সমিতির সদস্য নয় এমন ব্যাক্তিকে ঋন বিতরণ না করার জন্য ব্যবস্থপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল।

৯.**ব্যাংক হিসাবঃ**

সমিতির নামে ০২ টি ব্যাংক হিসাব চালু আছে। সাউথইষ্ট ব্যাংক , সেবারহাট শাখা সঞ্চয় হিসাব নং- ১৩১০০০০০০৯ এ ৩৭৩৩৯ /- টাকাব্যাংকে জমা রয়েছে এবং সাউথইষ্ট ব্যাংকদারিদ্র তহবিল , সেবারহাট শাখা সঞ্চয় হিসাব নং- ১৩১০০০০১৩০ এ ১২ টাকা জমা রয়েছে। যাবতীয় লেনদেন ব্যাংক হিসাবে মাধ্যমে করা পরামর্শ দেয়া হলো।

১০.**বিনিয়োগঃ** বার্ষিক ৫(পাঁচ লক্ষ) টাকার অধিক বিনিয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৪৬(২) বিধিমতে নিবন্ধক অর্থাৎ জেলা সমবায় অফিসার নোয়াখালী মহোদয়ের পূর্বানুমোদন গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া গেল।

১১. **উন্নয়ন মুলক প্রকল্প গ্রহণঃ**

সমিতির স্থায়ী সম্পদ বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন উন্নয়ন মুলক পরিকল্পনা গ্রহণ করতে হবে। স্থায়ী সম্পদ সংগ্রহ বা ক্রয়ের ক্ষেত্রে অবশ্যই সমিতির নামে সংগ্রহ করতে হবে।এ-ব্যপারে ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল।

১২. **তারল্য তহবিলঃ**

সমিতিতে তারল্য তহবিল সংরক্ষণ নেই দেখা যায়, সমিতির উপ-আইনের বিধান এবং সমবায় সমিতি বিধিমালা/০৪এর ৬৭ বিধি মতে তারল্য তহবিল সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া গেল।

১৩. **নীট লাভ/ক্ষতিঃ**

২০২২-২০২৩ খ্রিঃ অর্থ বৎসরে সমিতিতে বিভিন্ন ব্যয় নির্বাহের পর কোন ৬৫৬৯৪ টাকা ক্ষতি হয়েছে দেখা যায়। যা কোন ভাবেই কাম্য নয়। ভবিষ্যতে যাতে সমিতিতে অধিক টাকা লাভ হয় তৎমতে সমিতির কার্যক্রম পরিচালনা করার জন্য সমিতির ব্যাবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল।

১৪. **মজুদ তহবিলঃ**

পরিদর্শন কালীন তারিখে সমিতির জমা-খরচ বহি অনুযায়ী হস্তে মজুত তহবিল ৭৭১৫৯/- টাকা। জমা খরচ বহি দৈনন্দিন লেনদেন শেষে হাল নাগাদ লিপিবদ্ধ করার এবং অধিক পরিমাণ টাকা হাতে না রেখে সমিতির নামে ব্যাংক হিসাব খুলে উক্ত টাকা জমা রাখতে পরামর্শ দেয়া হল।

১৬. **সমাপনী মন্তব্যঃ-** সমিতির কার্যক্রম মোটামুটি সন্তোষজনক। সততা, দক্ষতা ও আন্তরিকভাবে সমবায় সমিতি আইন, বিধি ও সমিতির উপ-আইন অনুযায়ী কার্যক্রম চালিয়ে গেলে সমিতি আরো উন্নতি ও টেকসই উন্নয়ন সম্ভব হবে।

১৭. **পরামর্শ সমূহঃ**

- সদস্য রেজিষ্টার বহির সকল কলাম পূরন করতে হবে।
- নির্দ্দিষ্ট সময়ে বার্ষিক সাধারণ সভা করতে হবে ।
- সদস্যদের মধ্যে শেয়ার সার্টিফিকেট সরবরাহ করতে হবে ।
- বার্ষিক ৫(পাঁচ)লক্ষ টাকার অধিক বিনিয়োগের ক্ষেত্রে বাজেট নিবন্ধক মহোদয়ের অনুমোদন নিতে হবে
- জমাকৃত সঞ্চয় আমানতের ৮০% এর অধিক ঋণ বিনিয়োগ করা যাবেনা।
- হস্তেমজুত তহবিলের টাকা ব্যাংক হিসাবে জমা করতে হবে ।

১৬/১/২৫

( অরুন চন্দ্র মজুমদার )
উপজেলা সমবায় অফিসার
সেনবাগ ,নোয়াখালী।

স্মারক নং- ১৯. তারিখঃ ১৬/০১/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১)সভাপতি/ সম্পাদক, কাজীরখীল সঞ্চয়ওঋনদান সমবায় সমিতি লিঃ, গ্রাম/মোকাম- মজুমদারহাট ,পো- কাজীরখীল , উপজেলা- সেনবাগ, জেলা- নোয়াখালী। তাঁকে উক্ত পরিদর্শন প্রতিবেদনের উপর বাস্তবায়ন প্রতিবেদন পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপজেলা সমবায় অফিসের মাধ্যমে দাখিল করার জন্য বলা হল।

০২) জেলা সমবায় অফিসার, নোয়াখালী।মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৩) অফিস কপি।

১৬/১/২৫

উপজেলা সমবায় অফিসার
সেনবাগ ,নোয়াখালী।